মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার ১৬ই এপ্রিল বিকেল পাঁচটার সময় সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে নীলমনি হলপাড়া ঈদগাহ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ ।

সম্মেলন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহবায়ক রাকিবুল ইসলাম সজল, যুবদল নেতা মশিউল আলম দ্বীপু, মীর জাহাঙ্গীর, যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, সুইট, জনি সহ শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি ফজলুর রহমান সাধারণ সম্পাদক আলম নির্বাচিত হন।

মেহেরপুর সদরের পাটকেলপোতায় ৬ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে

দুই গ্রুপের সংঘর্ষ

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা গ্রামে ৬ নং ওয়ার্ড (পাটকেলপোতা, চাঁদপুর, পাটাপোকা, শিশির পাড়া) বিএনপি’র সম্মেলনে ওয়ার্ড কমিটি গঠন করাকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন আমবাগানে এ সংঘর্ষের ঘটনা ঘটে। ওয়ার্ড কমিটিতে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সামস্ ই আলম ও তাহাজ রহমান এবং সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করেন সকমান আলী ও জাফর আলী। কমিটিতে সামস্ ই আলম ও জাফর আলী এবং তাহাজ রহমান ও সকমান আলী এই দুই প্যানেলে প্রতিদ্বন্দিতা হয়।

কমিটি গঠনের শুরু থেকেই দুই গ্রুপের ভিতর পাল্টাপাল্টি অভিযোগ ওঠে উপস্থিত ভোটারদের ভিতরে আওয়ামী লীগের লোকজন আছে। এনিয়ে শুরু থেকেই উভয় গ্রুপের মধ্যে চাপা উত্তেজনা সৃষ্টি হয়। পরবর্তীতে ৬নং ওয়ার্ডের উপস্থিত ভোটারদের রেজিস্ট্রেশন শেষে বহিরাগতদের সরে যাওয়ার নির্দেশনা দেওয়া হয়।

বহিরাগতদের সরানো নিয়ে দুই গ্রুপের লোকজনদের ভিতরে শুরু হয় হাতাহাতি পরবর্তীতে রূপ ন্যায় মারামারিতে, বেঁধে যায় সংঘর্ষ। সংঘর্ষে উভয় গ্রুপের নেতাকর্মীরা আহত হয়। পরবর্তীতে কমিটি গঠন কার্যক্রম স্থগিত করা হয়।

কমিটি গঠন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমুল হোসেন মিন্টু।

মেহেরপুর সদরের সিংহাটিতে ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের ৯ নং ওয়ার্ড (পুর্ব সিংহাটি ও শিমুলতলা) বিএনপি’র ওয়ার্ড সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকেলে পূর্ব সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমল হক মিন্টু ও জেলা জাসাস -এর নেতা বাঁকা বিল্লাহ। এসময় বিনা প্রতিদ্বন্দ্বীতায় ওয়ার্ড কমিটির সভাপতি আলী হোসেন মেম্বার ও আহসান হাবীব সাধারণ সম্পাদক মনোনীত হয়।

এ সময় উপস্থিত নেতাকর্মীরা হাত উত্তোলনের মাধ্যমে তাদের সমর্থন জানান। অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

মুজিবনগরের বাগোয়ানে ওয়ার্ড বিএনপির সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ২ ও ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ এপ্রিল) বিকেল ৫টায় বাগোয়ান ইউনিয়ন বিএনপির আয়োজনে ভবরপাড়া আম্রকানন স্কুলপাড়ায় এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা

বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতু, মশিউর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, বিএনপি নেতা সোনা গাইন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক লিংকন, ওমর ফারুকসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

সম্মেলনে ২ নম্বর ওয়ার্ড বিএনপির নতুন কমিটির সভাপতি নির্বাচিত হন ছমির উদ্দিন মোল্লা এবং ৩ নম্বর ওয়ার্ডে সভাপতি নির্বাচিত হন রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন।

মেহেরপুরের আমদহ ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ৮ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল পাঁচটার দিকে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন বিএনপি’র আয়োজনে ইসলামপুর ব্রিজের পাশে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ। সম্মেলন অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মশিউর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা

বিল্লা, জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, লিটন মাস্টার, আব্দুল লতিফ, বখতিয়ার, ইলিয়াস হোসেন, সৌরভ সহ আমদহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সম্মেলন অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলার সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন। মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র নতুন কমিটির সভাপতি মনিরুজ্জামান মিন্টু, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হারুনুর রশিদ, সাধারণ সম্পাদক হামিদুল নির্বাচিত হন।

গাংনীতে লাভেলো আইসক্রিমের মালিকের বিরুদ্ধে সাংবাদিক সম্মেলন

গাংনী উপজেলার মানিকদিয়া এগারপাড়া আলিম মাদ্রাসার সাবেক সভাপতি ও লাভেলো আইসক্রিমের মালিক প্রকৌশলী একরামুল হক তাজুর বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য ও অর্থ আত্মসাতের অভিযোগে সংবাদ সম্মেলন করেছেন এলাকাবাসী।

মঙ্গলবার সকাল ১১টায় এ সংবাদ সম্মেলনে এলাকাবাসীর পক্ষে লিখিত অভিযোগপত্র পাঠ করেন স্থানীয় যুবক মো. সোহেল রানা।

তিনি বলেন, “ঐতিহ্যবাহী মানিকদিয়া এগারপাড়া আলিম মাদ্রাসা প্রতিষ্ঠার শুরু থেকেই এলাকার মানুষ জমি দানসহ নানা আর্থিক সহযোগিতা করে আসছেন। তাঁদের মধ্যে রয়েছেন প্রয়াত শওকত আলী মুন্সি, খোদাবক্স মিয়া, মোজাম্মেল হক, মোবারক হোসেন, মাওলানা নজরুল ইসলাম ও আবু বকরসহ অনেকেই।”

তিনি আরও বলেন, “মানিকদিয়া গ্রামের মোজাম্মেল হকের ছেলে, লাভেলো গ্রুপের চেয়ারম্যান একরামুল হক তাজু বিগত সরকারের আমলে প্রভাব খাটিয়ে একটানা ১২ বছর মাদ্রাসার সভাপতির দায়িত্ব পালন

করেন। এই সময় তিনি মাদ্রাসাটিকে পারিবারিক প্রতিষ্ঠানে রূপান্তর করেন। ২০০৯ সালে তিনি নিজের ক্ষমতাবলে তাঁর পিতা মোজাম্মেল হককে মাদ্রাসার একক প্রতিষ্ঠাতা হিসেবে দেখান এবং ম্যানেজিং কমিটিতে আজীবন একজন প্রতিষ্ঠাতা সদস্য রাখার রেজুলেশন অনুমোদন করেন। তাঁর ভাই মো. জাহিদুল হক সাজুকে দাতা সদস্য হিসেবে ১২ বছর ধরে কমিটিতে রাখেন।”

অভিযোগে আরও বলা হয়, “সভাপতি থাকাকালীন সময়ে তিনি ও তাঁর স্ত্রী নারগিছ আরা মাদ্রাসার উন্নয়নের নামে মাদ্রাসার জমিতে মোজাম্মেল হক ফাউন্ডেশন স্থাপন করেন। এ ছাড়া বিভিন্ন পদে অবৈধভাবে নিয়োগ দিয়ে প্রায় ৬০ লাখ টাকা আত্মসাৎ করেন। সরকারি নিয়মনীতি উপেক্ষা করে মাদ্রাসার দক্ষিণ পাশে একতলা ভবনের উপর নির্মাণ করেন দোতলা ভবন। উন্নয়নের কথা বলে আত্মরক্ষা করার চেষ্টা করেন তিনি।”

তিনি আরও বলেন, “নৈশ প্রহরী, আয়া ও পরিচ্ছন্নতা কর্মীসহ বিভিন্ন পদে নিয়োগ দিয়ে প্রায় ৬০ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন একরামুল হক তাজু। একসময় তিনি একজন আদম ব্যবসায়ী ছিলেন, পরে আইসক্রিম ফ্যাক্টরি দিয়ে শিল্পপতি হন। বিগত সরকারের আমলে তিনি ও তাঁর স্ত্রী অর্থ পাচারের সঙ্গে জড়িত ছিলেন। তাঁর স্ত্রী নারগিছ আরা বর্তমানে কানাডায় অবস্থান করছেন। গত ৫ আগস্ট, ২০২৪ সরকার পরিবর্তনের পর কয়েক মাস একরামুল হক তাজু বিদেশে পালিয়ে ছিলেন।”

তিনি বলেন, “মাদ্রাসায় তাঁর সীমাহীন দুর্নীতির কারণে এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। তাঁর নিয়ন্ত্রিত কিছু লোক প্রতিবাদী সাধারণ মানুষকে ভয়ভীতি দেখিয়ে দমিয়ে রাখার চেষ্টা করছে। তাঁর এই অপকর্মগুলোর সুষ্ঠু তদন্ত করে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।”

লিখিত বক্তব্যে আরও অভিযোগ করা হয়, “নৈশ প্রহরীর নিয়োগে বয়স জালিয়াতি করে উৎকোচ গ্রহণ করে তাকে নিয়োগ দেওয়া হয়েছে।”

এ সময় আরও বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন, ৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি শামীম আহমেদ সাপ্পার, স্কুলশিক্ষক কামরুজ্জামান, যুবদল নেতা তুহিন হোসেন, আব্বাস আলী, সেলিম রেজা, জহিরুল ইসলাম, ও সোহেল রানা প্রমুখ।

মেহেরপুরে পৌরসভা ৪নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার রাত আটটার দিকে মেহেরপুরের কালাচাঁদপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আনছার উল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ। এই সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, রোমানা আহমেদ।

এছাড়াও জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মুস্তাফিজুর রহমান সজীব, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম সজল, সদর উপজেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি নাসির উদ্দিন, অ্যাডভোকেট আসাদুল আজম খোকন, আব্দুর রহিম, পৌরসভায় ১ নং ওয়ার্ড সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর, মোশিউল আলম দ্বীপু, আব্দুল লতিফ জনি, সৌরভ, রিপন সহ পৌরসভা ৪নং ওয়ার্ডের বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠানের সঞ্চালনা করেন জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

মেহেরপুর আন্তঃ জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা বাস ও মিনিবাস মালিক সমিতির কমিটি ভেঙে দিয়ে একটি অ্যাডহক কমিটি গঠন করায় প্রতিবাদ জানিয়েছে মেহেরপুর আন্তঃ জেলা বাস মিনিবাস মালিক সমিতি।

এ বিষয়ে রবিবার সন্ধ্যায় হোটেল বাজারস্থ নিজস্ব কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি জহিরুল ইসলাম লিখিত বক্তব্য পাঠ করে বলেন, আমাদের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও সাধারণ মালিকগণ আজ আপনাদের সামনে উপস্থিত হয়েছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য দিতে।”

তিনি বলেন, “গতকাল সকাল ১১টায় আমাদের সমিতির অফিসে কিছু সদস্য লোকাল বাস এক্সিডেন্টের ক্ষতিপূরণের জন্য কল্যাণ তহবিল গঠনের কথা বলে কিছু সাধারণ মালিককে একত্র করেন।

পরে তারা বিভিন্ন মিথ্যাচার ও বিভ্রান্তিমূলক অভিযোগ তুলে সমিতির গঠনতন্ত্র বহির্ভূতভাবে একটি অবৈধ আহ্বায়ক কমিটির নাম ঘোষণা করেন। এটি সম্পূর্ণ অনৈতিক ও অগ্রহণযোগ্য। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।”

তিনি আরও জানান, “বর্তমান পরিস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শিগগিরই সাধারণ নির্বাচন আয়োজনের উদ্যোগ নেওয়া হবে, যাতে করে সমিতির নেতৃত্ব আইনানুগভাবে নির্ধারিত হয়।”

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির অন্যান্য কার্যনির্বাহী সদস্য ও সাধারণ মালিকরা।

ঝিনাইদহে সমন্বয়কের কু- রুচিপূর্ণ ভিডিও ভাইরালের প্রতিবাদে সংবাদ সম্মেলন

সামাজিক যোগাযোগ মাধ্যমে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলার সদস্য সচিব ও মুখপাত্রের কু-রুচিপূর্ণ ভিডিও ভাইরালের প্রতিবাদে ঝিনাইদহে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকেলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন জেলা শাখার কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঝিনাইদহ শাখার সদস্য সচিব সাইদুর রহমান ও মুখপাত্র এলমা খাতুনের কু-রুচিপূর্ণ ভিডিও গত ২৪ মার্চ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। কিন্তু ভিডিওতে শুধু তাদের দু’জন ছবি রয়েছে কিন্তু সেখানে আরো ৫ জন ছিলো। অথচ সেই ভিডিও কাটিং করে একটি কুচক্রি মহল তাদের চরিত্র হরনের পয়তারা করছে।

তারা এ ধরনের কু-রুচিপূর্ন কাজের সাথে জড়িত নয়। এমন মিথ্যা বানোয়াট ভিডিও অপপ্রচারকারীদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় এনে শাস্তির দাবি জানানো হয়।

এ ঘটনার পর কেন্দ্রীয় নেতৃবৃন্দ তাদের দুজনের পদ সাময়িকভাবে স্থগিত করেছে। সেই সাথে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

সেসময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক তারেক রেজা, মূখ্য সংগঠক সাজেদুর রহমান, জেলা আহবায়ক আবু হুরায়রাহ, সদস্য সচিব সাইদুর রহমান, মুখপাত্র এলমাসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ৯নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল

মেহেরপুরে পৌরসভার ৯নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল পাঁচটার সময় পৌরসভা ৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়ায় বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান
এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য এমকে খাইরুল বাশার, আলমগীর খান ছাতু, ইলিয়াস আলী, আনছারুল হক, ওমর ফারুক লিটন।

জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এই সময় আরোও উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রাকিবুল ইসলাম সজল, যুবদল নেতা মোশিউল আলম দ্বীপু, বক্তিয়ার হোসেন,রেমিম, সাইফুল ইসলাম,লতিব, সৌরভ হোসেন সহ ৯নং ওয়ার্ডের বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভার ৯নং ওয়ার্ড বিএনপি’র নতুন কমিটির সভাপতি জামিন উদ্দিন, সহ-সভাপতি আনারুল ইসলাম, শহিদুল ইসলাম শহীদ, আব্দুল ওহাব ঝন্টু, সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সহ-সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বাবু মিয়া, সহ সাংগঠনিক সম্পাদক মিলন, সমাজসেবা সম্পাদক স্বপন নির্বাচিত হন।